

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ প্রাধা
www.lgd.gov.bd


স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০১০.২০১১(অংশ-১). ৯৩

তারিখ : ০২ ফাল্গুন ১৪২২
১৪ ফেব্রুয়ারি, ২০১৬

বিষয় : ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম/পদক্ষেপ গ্রহণে এটুআই এর পরামর্শ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৬৬.০৪৬.০০.০০.০০২.২০১৬-১১ তারিখ : ২৭.০১.২০১৬খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৭.০১.২০১৬ তারিখের ০৩.০৬৬.০৪৬.০০.০০.০০২.২০১৬-১১নং স্মারকের পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম/পদক্ষেপ গ্রহণে এটুআই এর পরামর্শ গ্রহণ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি :

১. পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

০৩.০৬৬.০৪৬.০০.০০.০০২.২০১৬- ১২

১০
০৭.২.১৬

১৪.১০.১৪২২

তারিখ

২৭.০১.২০১৬

পত্র সংখ্যা

বিষয়: ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম/পদক্ষেপ গ্রহণে এটুআই এর পরামর্শ গ্রহণ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ কার্যক্রমের অংশ হিসেবে দেশের প্রতিটি ইউনিয়নে/পৌরসভায় এটুআই এর উদ্যোগে স্থানীয় সরকার বিভাগের সহযোগিতায় ডিজিটাল সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। জনগণের দোরগোড়ায় সরকারি সকল সেবা দ্রুত পৌঁছে দিতে এসকল ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা জেলা ও উপজেলা প্রশাসনের প্রত্যক্ষ তত্ত্বাবধানে নিরলস কাজ করে যাচ্ছে। সরকারের বিভিন্ন সংস্থা/বিভাগ/দপ্তর/অধিদপ্তর থেকে সাম্প্রতিক সময়ে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রীর 'রূপকল্প-২০১১' বাস্তবায়নে ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। এক্ষেত্রে, তাদের জন্য গৃহীত যেকোন প্রশিক্ষণ/পদক্ষেপ সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' রূপকল্পের সাথে সঙ্গতিপূর্ণ হওয়া আবশ্যিক।

এমতাবস্থায়, ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের জন্য যেকোন প্রশিক্ষণ কার্যক্রম/পদক্ষেপ এটুআই এর সঙ্গে পরামর্শক্রমে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে এধরনের প্রশিক্ষণ কার্যক্রম/পদক্ষেপ গ্রহণে স্থানীয় সরকার বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত রাখতে হবে।

ডায়েরী নং: ৭৩৪/১৬/১৬
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হইল
ইপ.....১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা

মুগা-সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
পরিচালক (প্রশাসন)
ফোন : ৯১১৪২৭০

(জেলা প্রশাসক (সকল))

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪. কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল বিভাগ।
৫. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন ও প্রেরণ শাখা

৩০০
৪/২/১৬

৬/২/১৬